বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৭০৬

তারিখ: ০১ কার্তিক ১৪২৯
১৭ অক্টোবর ২০২২

**বিষয়: ০২ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- (১) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৫.২২-৬২৬, তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২২
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৫.২২-৬২৩, তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২২
(৩) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৬১৮, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২
(৪) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৬১৪, তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২
(৫) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৬১০, তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচনের (সংযুক্ত তালিকার) **ভোটগ্রহণ ০২ নভেম্বর ২০২২** তারিখে অনুষ্ঠিত হবে। ইতঃপূর্বে অনুষ্ঠিত উপজেলা/ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **০১ নভেম্বর ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **০২ নভেম্বর ২০২২** তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) ট্রাক (২) পিক আপ

২। সে সাথে **৩১ অক্টোবর ২০২২ তারিখ** দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **০৩ নভেম্বর ২০২২ তারিখ** মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, **০২ নভেম্বর ২০২২ তারিখে** অনুষ্ঠিতব্য উপজেলা/ইউনিয়ন পরিষদের সাধারণ/শূন্য পদের উপনির্বাচনে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিনের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **০১ নভেম্বর ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **০২ নভেম্বর ২০২২** তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত উল্লিখিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং একই সাথে **৩১ অক্টোবর ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **০৩ নভেম্বর ২০২২** তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৭/১০/২০২২

( মো: আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৭০৬

তারিখ: ০১ কার্তিক ১৪২৯
১৭ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ........................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ........................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ............................................... (সংশ্লিষ্ট)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ........................................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. পুলিশ কমিশনার, ............................................... মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৭. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা প্রশাসক, ............................................... (সংশ্লিষ্ট)
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................... (সংশ্লিষ্ট)
২০. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. পুলিশ সুপার....................................................... (সংশ্লিষ্ট)
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ................. (সংশ্লিষ্ট)
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................................... (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ............................................... (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ............................................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা নির্বাচন অফিসার, ............................................... (সংশ্লিষ্ট)
৩১. অফিসার-ইন-চার্জ, ........................................................... (সংশ্লিষ্ট)

২৭/১০/২২
( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)

# ভোটগ্রহণের তারিখ: ০২ নভেম্বর ২০২২

**সময়সূচি:**

| | | |
|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৬ অক্টোবর ২০২২ |
| বাচাইয়ের তারিখ | : | ১০ অক্টোবর ২০২২ |
| প্রর্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৭ অক্টোবর ২০২২ |
| ভোটগ্রহণ | : | ০২ নভেম্বর ২০২২ |

**৩টি উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন:**

| জেলা | উপজেলা পরিষদ | মন্তব্য |
|---|---|---|
| চট্টগ্রাম | কর্ণফুলি | |
| সুনামগঞ্জ | জগন্নাথপুর | |
| সিলেট | ওসমানী নগর | |

**৪টি উপজেলা পরিষদের উপনির্বাচন**

| জেলা | উপজেলা পরিষদ | শূন্যপদ |
|---|---|---|
| নেত্রকোনা | নেত্রকোনা সদর | চেয়ারম্যান |
| কুড়িগ্রাম | রৌমারী | চেয়ারম্যান |
| | চিলমারী | চেয়ারম্যান |
| কুষ্টিয়া | খোকসা | চেয়ারম্যান |

মোঃ আতিয়ার রহমান
উপ-সচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

**২০টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন:**

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|---|
| ১. | জয়পুরহাট | ক্ষেতলাল | বড়তারা |
| ২. | | | তুলসীগঙ্গা |
| ৩. | কুষ্টিয়া | কুষ্টিয়া সদর | জিয়ারখী |
| ৪. | | | কাঞ্চনপুর |
| ৫. | | মিরপুর | চিথলিয়া |
| ৬. | | | ধুবইল |
| ৭. | জামালপুর | মেলান্দহ | আদ্রা |
| ৮. | | | ফুলকোচা |
| ৯. | ঢাকা | দোহার | রাইপাড়া |
| ১০. | | | মাহমুদপুর |
| ১১. | | | সুতারপাড়া |
| ১২. | নড়াইল | কালিয়া | পেড়লী |
| ১৩. | | | পাঁচগ্রাম |
| ১৪. | সিলেট | গোয়াইনঘাট | পশ্চিম জাফলং |
| ১৫. | | | গোয়াইনঘাট |
| ১৬. | | | পূর্ব জাফলং |
| ১৭. | | | মধ্য জাফলং |
| ১৮. | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | খাড়েরা |
| ১৯. | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ | দুর্লভপুর |
| ২০. | কুমিল্লা | চান্দিনা | মহিচাইল |

**১১টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদের উপনির্বাচন**

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | শূন্যপদ |
|---|---|---|---|---|
| ১. | লালমনিরহাট | সদর | বড়বাড়ী | চেয়ারম্যান |
| ২. | বগুড়া | শাজাহানপুর | আশেকপুর | চেয়ারম্যান |
| ৩. | যশোর | সদর | আরবপুর | চেয়ারম্যান |
| ৪. | বাগেরহাট | সদর | রাখালগাছি | চেয়ারম্যান |
| ৫. | | মোল্লাহাট | উদয়পুর | চেয়ারম্যান |
| ৬. | খুলনা | দিঘলিয়া | বারাকপুর | চেয়ারম্যান |
| ৭. | পটুয়াখালী | মির্জাগঞ্জ | আমড়াগাছিয়া | চেয়ারম্যান |
| ৮. | টাঙ্গাইল | গোপালপুর | নগদা শিমলা | চেয়ারম্যান |
| ৯. | নেত্রকোনা | মদন | নায়েকপুর | চেয়ারম্যান |
| ১০. | মানিকগঞ্জ | হরিরামপুর | সুতালড়ী | চেয়ারম্যান |
| ১১. | মুন্সীগঞ্জ | গজারিয়া | হোসেন্দী | চেয়ারম্যান |

আতিয়ার রহমান
উপ-সচিব
পরিচালনা-২ অধিশাখা